সিস্টেমস এনালিস্ট-এর কার্যালয়
ডায়েরী নং: ৪১ তারিখ: ২৫/০২/২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর
রামপুরা, ঢাকা-১২১৯।
www.btv.gov.bd

## জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এস.এম. হারুন-অর-রশীদ<br>মহাপরিচালক (গ্রেড-১) |
| তারিখ | : | ০৭.০১.২০২১ খ্রি: |
| সময় | : | বিকাল ০৪:০০ ঘটিকা |
| স্থান | : | সদর দপ্তর ভবনের সভাকক্ষ |
| সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতি ২০২০-২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদনের নির্দেশনা প্রদান করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) খসড়া অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন।

০২। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ০১. | জাতীয় শুদ্ধাচার কৌশল ২০২০-২০২১ বাস্তবায়নে দ্বিতীয় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর ২০২০) অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে দ্বিতীয় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর ২০২০) অগ্রগতির প্রতিবেদন পর্যালোচনাপূর্বক অনুমোদন করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** অনুমোদিত অগ্রগতির বাস্তবায়ন প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ০২. | প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন এবং পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন | প্রকৌশল শাখার চলমান প্রকল্প সরেজমিনে পরিদর্শনের জন্য সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ও প্রকল্প কর্মকর্তাকে সভায় নির্দেশনা প্রদান করা হয়। মার্চ ২০২১ মাসের মধ্যে পরিদর্শন সম্পন্ন করে মহাপরিচালক এর নিকট প্রতিবেদন দাখিল করতে হবে।<br><br>**সিদ্ধান্ত:** চলমান প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ও প্রকল্প কর্মকর্তা মার্চ ২০২১ মাসের মধ্যে পরিদর্শন প্রতিবেদন দাখিল করাসহ পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন করবেন। | প্রধান প্রকৌশলী,<br>ও<br>প্রকল্প পরিচালক/প্রকল্প কর্মকর্তা |
| ০৩. | শাখা পরিদর্শন | সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী মার্চ ২০২১ মাসের মধ্যে সদর দপ্তরের সকল শাখা পরিদর্শন সম্পন্ন করে প্রতিবেদন দাখিল এবং প্রতিবেদনের অনুলিপি প্রশাসন শাখায় প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত:** শাখা প্রধানগণ মার্চ ২০২১ মাসের মধ্যে সকল স্ব-স্ব শাখা পরিদর্শন সম্পন্ন করে প্রতিবেদনের অনুলিপি প্রশাসন শাখায় প্রেরণ করবেন। | সকল শাখা প্রধান |
| ০৪. | নথির শ্রেণিবিন্যাস | সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণিবিন্যাস সম্পন্ন করে মার্চ ২০২১ মাসের প্রথম সপ্তাহে প্রতিবেদন দাখিল করার বিষয়ে সভায় আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত:** লক্ষ্যমাত্রা অনুযায়ী নথির শ্রেণিবিন্যাস সম্পন্ন করে মার্চ ২০২১ মাসের প্রথম সপ্তাহে প্রতিবেদন দাখিল করতে হবে। | শাখা প্রধান (সকল),<br>অতিরিক্ত পরিচালক (প্রশাসন),<br>উপপরিচালক (প্রশাসন)<br>সহকারী পরিচালক (প্রশা:-৪) |
| ০৫. | প্রাতিষ্ঠানিক গণশুনানি ও অংশীজনের সভা | লাইসেন্স ইস্যু ও নবায়নের ক্ষেত্রে সেবা গ্রহিতাগণ এবং ক্যাবল অপারেটরগণের সমন্বয়ে কন্ট্রোলার/লাইসেন্স ম্যানেজার মহাপরিচালক এর পরামর্শ গ্রহণ করে একটি প্রাতিষ্ঠানিক গণশুনানি ও ক্যাবল/ফিড অপারেটরদের অংশগ্রহণে অংশীজনের সভা আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত:** ফেব্রুয়ারি ২০২১ মাসের মধ্যে প্রাতিষ্ঠানিক গণশুনানি ও ক্যাবল/ফিড অপারেটরদের অংশগ্রহণে অংশীজনের সভা আয়োজন করে প্রতিবেদন দাখিল করতে হবে। | কন্ট্রোলার/লাইসেন্স ম্যানেজার |

চলমান পাতা-০২

-০২-

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ০৬. | ঢাকা ও চট্টগ্রাম কেন্দ্রের প্রান্তিকের বাস্তবায়ন প্রতিবেদন পর্যালোচনা ও ফিডব্যাক প্রদান | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো দ্বিতীয় প্রান্তিক এর (অক্টোবর-ডিসেম্বর-২০২০) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ১৫ জানুয়ারি ২০২১ তারিখের মধ্যে সদর দপ্তর প্রশাসন শাখায় প্রেরণ এবং পিডিএফ আকারে বিটিভির ওয়েব সাইটে প্রকাশ নিশ্চিতকরণের বিষয়ে সভায় আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত:** ঢাকা ও চট্টগ্রাম কেন্দ্রের সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা ২য় প্রান্তিকের অগ্রগতি প্রতিবেদন নৈতিকতা কমিটির অনুমোদন গ্রহণপূর্বক ১৫ জানুয়ারি ২০২১ তারিখের মধ্যে সদর দপ্তর প্রশাসন শাখায় প্রেরণ এবং পিডিএফ আকারে বিটিভির ওয়েব সাইটে প্রকাশ নিশ্চিত করবেন। | জেনারেল ম্যানজার ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র, সিস্টেম এনালিস্ট, বিটিভি ও জাতীয় শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র |

০২। আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০২.০১.২২

এস.এম. হারুন-অর-রশীদ
মহাপরিচালক (গ্রেড-১)
ফোন : ৫৫১৩২২২২ (অফিস)
E-mail: dg@btv.gov.bd

নং-১৫.৫৪.০০০০.০২১.২২.১৪৮.২০ (অংশ-১)/ ১৬০/১ (১২)

তারিখ: ২৮ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ
১২ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

০১। উপমহাপরিচালক (অনুষ্ঠান/বার্তা), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০২। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০৩। পরিচালক...................................(সকল), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০৪। জেনারেল ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র।
০৫। সিনিয়র ইঞ্জিনিয়ার (সকল),, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০৬। কন্ট্রোলার/লাইসেন্স ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০৭। জনাব মো: আমিনুর রসুল, অতিরিক্ত পরিচালক (প্রশাসন) ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিটিভি, ঢাকা কেন্দ্র।
০৮। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা (কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৯। উপপরিচালক (প্রশাসন)/সহকারী পরিচালক (প্রশাসন), বাংলাদেশ টেলিভিশন, প্রধান কার্যালয়।
১০। উপপ্রকল্প পরিচালক, বাংলাদেশ টেলিভিশনের দেশব্যাপী ডিজিটাল টেরিস্ট্রিয়াল সম্প্রচার প্রবর্তন (১ম পর্যায়) শীর্ষক প্রকল্প।
১১। সহকারি পরিচালক (প্রশাসন-১, ২, ৩ ও ৪), বাংলাদেশ টেলিভিশন, প্রধান কার্যালয়।
১২। জনাব মো: আক্তার হোসেন, সহকারী পরিচালক (প্রশাসন) ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিটিভি, চট্টগ্রাম কেন্দ্র।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে-

০১। উপসচিব, প্রশাসন-৪ শাখা, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০৩। কার্যালয় নথি।

১২/১/২২

মো: হেলাল কবির
অতিরিক্ত পরিচালক (প্রশাসন)
ফোন: ৫৫১৩১৯৯৯ (অফিস)

সিস্টেম এনালিস্ট-এর কার্যালয়

| | |
|---|---|
| প্রোগ্রামার-১ | □ প্রয়োজনীয় ব্যবস্থা নিন |
| প্রোগ্রামার-২ | □ উপস্থাপন করুন |
| পিএ | □ কথা বলুন |
| | □ তাগিদ দিন |
| | সিস্টেম এনালিস্ট ১৩/১/২২ |

H.A.
১৬/১/২২